ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

# শিশু ও যুব সুরক্ষা নীতিমালা
# (Children and Youth Safeguarding Policy)

২য় সংস্করণ

জুলাই ২০২১ সাল থেকে কার্যকর


এনডিপি ভবন,বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

ফোনঃ ০৭৫১-৬৩৮৭০-৭১; ফ্যাক্সঃ ০৭৫১-৬৩৮৭৭

ই-মেইল: akhan_ndp@yahoo.com

ওয়েবসাইট: www.ndpbd.org

## ভূমিকা

বর্তমান বিশ্বে বিশেষত উন্নয়নশীল দেশের সামাজিক ও প্রাতিষ্ঠানিক বাস্তবতায় শিশু, যুব, নারী, প্রতিবন্ধী, প্রবীণ, প্রান্তিক ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী প্রতিনিয়ত বিভিন্ন ধরণের নির্যাতন, অবহেলা, সহিংসতা, বৈষম্য ও শোষণের সম্মুখীন হচ্ছে। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। দেশে এখনও শিশু নির্যাতন, বাল্যবিবাহ, নারীর প্রতি সহিংসতা, যৌন হয়রানি, জেন্ডার বৈষম্য, প্রাতিষ্ঠানিক সহিংসতা, প্রতিবন্ধী ও সুবিধা বঞ্চিতদের প্রতি বৈষম্য ইত্যাদি ঘটনা অহরহ ঘটছে। এসব ঝুঁকিপূর্ণ পরিস্থিতি মোকাবেলায় এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করার জন্য একটি সুনির্দিষ্ট, স্বচ্ছ এবং বাস্তবভিত্তিক সেফগার্ডিং নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন সময়ের দাবি হয়ে দাঁড়িয়েছে।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্মক্ষেত্র ও সেবাখাতে সেফগার্ডিংকে একটি মৌলিক নৈতিক ও প্রশাসনিক নীতিরূপে বিবেচনা করছে। বাংলাদেশ সরকারের বিভিন্ন আইন যেমন নারী ও শিশু নির্যাতন দমন আইন, বাল্যবিবাহ নিরোধ আইন, শিশু আইন, প্রতিবন্ধী সুরক্ষা আইন এবং শ্রম আইনেও সুরক্ষার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়েছে। তবে এ সকল আইনি কাঠামোর পাশাপাশি প্রাতিষ্ঠানিক পর্যায়েও এনডিপি'র সুনির্দিষ্ট সেফগার্ডিং নীতিমালা রয়েছে, যেন প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রত্যেক ব্যক্তি, বিশেষত শিশু, নারী ও প্রান্তিক জনগোষ্ঠী যেন নিরাপদ, সম্মানজনক ও সহানুভূতিশীল পরিবেশে কাজ করতে ও সেবা পেতে পারে–এটি নিশ্চিত করা। এই লক্ষ্য অর্জনের জন্য সেফগার্ডিং নীতিমালাটি কয়েকটি মূলনীতির ওপর ভিত্তি করে তৈরি হয়েছে; যথা- নির্যাতন ও শোষণ প্রতিরোধ; ঝুঁকি চিহ্নিত করে পূর্ব প্রস্তুতি গ্রহণ; সেবা প্রদানের ক্ষেত্রে শিশু, নারী ও প্রান্তিকদের অংশগ্রহণ নিশ্চিতকরণ; অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থা; কর্মীদের আচরণবিধি নির্ধারণ ও প্রশিক্ষণ।

সেফগার্ডিং পলিসি ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র সকল কর্মী, স্বেচ্ছাসেবক, উপকারভোগী ও অংশীজনের জন্য একটি নিরাপদ, মর্যাদাপূর্ণ এবং সুরক্ষিত পরিবেশ নিশ্চিত করতে প্রণীত হয়েছে। এর মাধ্যমে যেকোনো প্রকার শোষণ, নির্যাতন, অবহেলা বা হয়রানির ঘটনা প্রতিরোধ ও প্রতিকারে প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করা হলো। সেফগার্ডিং পলিসি এনডিপি'র একটি মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি। এটি নিশ্চিত করে যে, প্রতিষ্ঠান হিসেবে ন্যাশনাল ডেভেলপমন্টে প্রোগ্রাম (এনডিপি) তার সেবাপ্রাপ্ত ব্যক্তিদের নিরাপত্তা ও মর্যাদাকে অগ্রাধিকার দিচ্ছে এবং প্রতিটি মানুষকে সমান গুরুত্ব ও সহানুভূতি রেখে কাজ করে আসছে।

সমাজের অধিকার বঞ্চিত জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ১৯৯২সালের ১লা জানুয়ারি ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) প্রতিষ্ঠিত হয়। সমঅধিকার ও ন্যায় ভিত্তিক সমাজ গঠনে এনডিপি বদ্ধপরিকর। মানবাধিকারের সার্বজনীন ঘোষনা ও জাতিসংঘ শিশু অধিকার সনদের উপর ভিত্তি করে এনডিপি শিশু ও যুবদের অধিকার বাস্তবায়নে কাজ করে আসছে। শিশু ও যুবদের প্রতি যে কোন ধরনের নির্যাতন, সহিংসতা ও শোষন থেকে সুরক্ষার বিষয়গুলো এনডিপি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এসব প্রতিরোধে কার্যকর ভূমিকা গ্রহন করে আসছে। শিশু ও যুবদের অধিকারের বিষয়গুলি এনডিপি সম্মান, সুরক্ষা ও বাস্তবায়নের মাধ্যমে তাদের ক্ষমতায়নের জন্য বদ্ধপরিকর। এনডিপি'র সকল কর্মী ও সহযোগী (যে বা যারাই বিভিন্ন ভাবে যুক্ত বা সম্পৃক্ত হয়ে কাজ করছেন)সকলেই শিশু ও যুবদের সর্বোত্তম স্বার্থগুলোকে সর্বোচ্চ বিবেচনায় রেখে কাজ করেন। শিশু ও যুব সুরক্ষা নীতিমালা এনডিপি'র সাংগঠনিক লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে এবং যে কোন কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে শিশু ও যুব সুরক্ষা বিষয়ে কোন ধরনের ব্যত্যয় ঘটলে সংস্থা বিষয়টি জিরো টলারেন্স (শূন্য সহিসষ্ণু) হিসাবে কার্যকরী করবেন ।

নিবার্হী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)’র “সেফগার্ডিং পলিসি”

সূচিপত্র


| **ধারা** | **বিষয়াবলী** | **পৃষ্ঠ নং** |
|---|---|---|
| ক | শিশু ও যুবসুরক্ষা বাস্তবায়নের ক্ষেত্রে এনডিপি এর লক্ষ্য এবং সাংগঠনিক ঘোষনা ঃ | |
| খ. | শিশু ও যুব সুরক্ষা পলিসি কার্যকরী করার নীতিমালা সমুহ : | |
| গ. | শাস্তির বিধান : | |
| ঘ. | সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা নীতিমালার আওতাধীন বিভিন্ন প্রত্যয় বা ধারণার সংজ্ঞা ঃ | |
| ঙ. | শিশু ও যুব সুরক্ষা নীতিমালার ক্ষেত্র বা পরিধি : | |
| চ. | শিশু ও যুব সুরক্ষা নীতিমালার আওতায় দায়িত্ব-কর্তব্যের বন্টন: আচরনবিধি (Code of Conduct) অনুযায়ী যা করবো : | |
| ছ. | শিশু ও যুব সুরক্ষা পলিসি চর্চা করার ক্ষেত্রে নিদের্শনা সমুহ : | |
| জ. | শিশু ও যুব সুরক্ষা নীতিমালা কেন গুরুত্বপূর্ণ | |
| ঝ. | উপসংহার | |


নিবার্হী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

**ক. শিশু ও যুব সুরক্ষা বাস্তবায়নের ক্ষেত্রে এনডিপিএর লক্ষ্য এবং সাংগঠনিক ঘোষনাঃ**

এনডিপি স্বীকার করে যে আমাদের সমাজে শিশু ও যুবরা বিভিন্ন ধরনের সহিংসতা, শারীরিক, মানসিক, লৈঙ্গিক বা যৌন নির্যাতন ও অবহেলার শিকার হচ্ছে এবং অর্থনৈতিক ভাবে বঞ্চিত হচ্ছে যা কোন ভাবেই কাম্য নয়। সে জন্যই এনডিপি সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ যে, জেন্ডার রেসপন্সিভ সুরক্ষার মাধ্যমে শিশু ও যুবদের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করবে এবং নিম্ন লিখিত বিষয়গুলো এনডিপি'র সাংগঠনিক ঘোষনা হিসেবে বিবেচিত ও কার্যকরী হবে।

**ঘোষনা ঃ**

- এনডিপি এর সকল কর্মী ও সহায়ক শিশু ও যুব সুরক্ষার বিষয়টি ভালোভাবে বুঝবে ও দায়িত্ব পালনের ক্ষেত্রে দক্ষতা, সহযোগিতা ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করবে ।
- শিশু ও যুব সুরক্ষার জন্য যথোপযুক্ত প্রক্রিয়া অনুসরণ করবে ।
- শিশু ও যুবদেরকে তাদের অধিকার ও সুরক্ষার বিষয়গুলো সম্পর্কে সচেতন ও সামর্থ্যবান করে তুলবে ।
- শিশু ও যুবদেরকে যে কোন ধরনের নির্যাতন, শোষণ ও সহিংসতা ঘটাতে পারে এমন কোন কর্মী নিয়োগ করবে না এবং কর্মরত ও থাকতে পারবে না। এছাড়াও শিশু ও যুব সুরক্ষা বিষয়ে সংস্থার প্রত্যেক কর্মীকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র আবশ্যিক কাজগুলোর অন্যতম একটি কাজ হিসেবে বিবেচিত হবে ।
- এনডিপি'র সুনাম কিংবা মর্যাদা ক্ষুন্ন করতে পারে কর্মীদের এমন কোন বে-আইনি কিংবা অসদাচরণ (অফিস চলাকালে কিংবা অফিসের বাইরের সময়ে) কখনই গ্রহণযোগ্য নয়। যেকোন প্রকারের বে-আইনি কাজ, যৌন হয়রানি, শারীরিক নির্যাতন, মৌখিকভাবে গালিগালাজ প্রভৃতি বিষয়গুলো কর্মীর খারাপ আচরণের মধ্যে পড়ে। তবে এর পরিধি এ তালিকায় লিপিবদ্ধ উদাহরণের মধ্যেই সীমিত নয়, এনডিপি'র সকল কর্মী এবং সহযোগিদের শিশু ও যুব সুরক্ষা নীতির মৌলিক নীতিমালাগুলোকে মনে রাখতে হবে। সেই সাথে কর্মক্ষেত্রে এবং কাজের বাইরে তাদের আচরণের উপর মানুষ কিভাবে কতটুকু নজর বা দৃষ্টি রাখছে সেই বিষয়ে নিজেদের মধ্যে সচেতনতা বাড়াতে হবে।
- শিশু ও যুব সুরক্ষার সাথে সম্পর্কিত কোন বিষয়ে এনডিপি'র কোন কর্মী কিংবা সহযোগীর আচরণের বিষয়ে সংশয় বা উদ্বেগ থাকলে কিংবা শিশু ও যুব সুরক্ষা নীতিমালা ভঙ্গ হলে এই নীতিমালার আলোকেই বিষয়টির তদন্ত হবে। অপরাধ বিষয়ক যে কোন অভিযোগের তদন্ত হলে সেটা দেশের সংশ্লিষ্ট আইন অনুযায়ী পরিচালিত হবে। অভিযোগ প্রমাণিত হলে সংস্থার নিয়ম অনুযায়ী অভিযুক্ত কর্মী বা সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে। শিশু নির্যাতনে সংশ্লিষ্ট কোন সহযোগী ব্যক্তি বা সংস্থার সাথে এনডিপি সকল প্রকারের কাজের সর্ম্পক ছিন্ন করবে।
- যদি কারো বিরুদ্ধে শিশু ও যুব নির্যাতনের কোন অভিযোগ ওঠে এবং সেটা যদি তদন্তে প্রমাণিত না হয় তবে সেক্ষেত্রে যিনি বিষয়টি প্রতিবেদন আকারে জানাবেন তার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে না। তবে কোন কর্মী যদি উদ্দেশ্যমূলকভাবে কারো বিরুদ্ধে মিথ্যা ও বানোয়াট অভিযোগ করে এবং বিষয়টি প্রমাণিত হলে ঐ কর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এনডিপি'র সাথে সম্পৃক্ত কোন সহযোগী কিংবা কোন পরিদর্শক যদি কারো বিরুদ্ধে মিথ্যা ও বানোয়াট কোন অভিযোগ করে এবং বিষয়টি প্রমাণিত হলে তার বিরুদ্ধেও এনডিপি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে।

**খ. শিশু ও যুব সুরক্ষা পলিসি কার্যকরী করার নীতিমালা সমুহঃ**

১. সেফগার্ডিং পলিসি সব ধরণের নির্যাতন বিশেষ করে যৌন হয়রানি, যৌন নিপীড়ণ/ বুলিং ,যৌন শোষণ,নিজ স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে অপব্যববহার ইত্যাতিসহ সব ধরণে বৈষম্য সৃষ্টির ক্ষেত্রে সংস্থা শূন্য সহিসষ্ণু ( জিরো টলারেন্স) নীতি প্রদর্শন করবে। সংস্থা কোন ভাবেই তার কোন কর্মী,অংশীদার /সংস্থার কোন সহযোগী কর্তৃক কোন প্রকার নির্যাতন শূলক আচরণ বা অন্যায় আচরণ মেনে নিবে না।

সেফগার্ডিং পলিসিটি মূলত শিশু ও যুবদের সুরক্ষা ক্ষেত্রে প্রযোজ্য হলেও প্রাপ্ত বয়স্ক ব্যক্তির ক্ষেত্রে তার বিপদাপন্নতা ও ক্ষতির মাত্রা বিবেচনায় পলিসির নীতিমালা ও নির্দেশনা অনুসরণ করা হবে।

এনডিপি নিশ্চিত করবে যে, প্রত্যক্ষ ও পরোক্ষভাবে শিশু ও বিপদাপন্ন প্রাপ্ত বয়স্কদের সংস্পর্শে আসা প্রত্যেক ব্যক্তি তাদের সুরক্ষা প্রয়োজনীয়তার বিষয়টি মাথায় রাখবেন এবং "কোন প্রকার ক্ষতি করা যাবে না" এই মূল নির্দেশনার আলোকে কার্যকর উপায়ে কি ভাবে সুরক্ষা প্রদান করা হবে তা জানবেন।

২. জাতিসংঘ শিশু অধিকার সনদের ধারা ১৯ এবং সার্বজনীন মানবাধিকারের ঘোষনা অনুযায়ী যে কোন বয়সের মানুষের মৌলিক মানবাধিকার, মর্যাদা ও সমান অধিকারের বিষয়টি স্বীকৃত এবং সে অনুযায়ী ১৮ বছরের কম বয়সী সকল মানব সন্তান (শিশু) ও ১৫-২৪ বছর বয়সী সকল যুবদের সুরক্ষার অধিকার নিশ্চিত করা।

৩. মানবাধিকার ও শিশু অধিকার বাস্তবায়নের ক্ষেত্রে বয়স, ধর্ম, বর্ণ, জাতীয়তা, ভাষা, রাজনৈতিক বিশ্বাস, পঙ্গুত্ব, আর্থ-সামাজিক অবস্থা ও সাংস্কৃতিক বিশ্বাস ইত্যাদি বিষয়ের আলোকে কোন বৈষম্য না করা।

নিবাহী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

৪. শিশু ও যুবদের ক্ষমতায়নের লক্ষ্যে তাদের সর্বোত্তম স্বার্থ বিবেচনায় রেখে অংশগ্রহনের সুযোগ নিশ্চিত করা যাতে করে যে সকল সিদ্ধান্ত তাদের জন্য নেওয়া হবে সেগুলোকে তারা প্রভাবিত করতে পারে।

৫. আমাদের সকলের দায়িত্ব হবে সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া, দুঃস্থ্য, অধিকার বঞ্চিত শিশু ও যুবদের সুরক্ষার বিষয়ে সর্বাধিক গুরুত্ব দেওয়া এবং তারা যেন কোন ভাবেই ক্ষতিগ্রস্থ্য না হয় সে বিষয়টি নিশ্চিত করা।

আমাদের সুনির্দিষ্ট দায়িত্ব হবে ইচ্ছা বা অনিচ্ছামুলক ভাবে কোন শিশু ও যুব যেন ক্ষতির সম্মুখীন না হয়।

৬. শিশু ও যুব সুরক্ষার বিষয়ে আমাদের দায়িত্ব হবে শিশু ও যুবদেরকে সম্পৃক্ত করে ক্ষমতায়িত করা যাতে সুরক্ষার বিষয়ে পদক্ষেপ গ্রহন সহ তাদের নিজেদেরসক্ষমতা অনুযায়ী ভূমিকা পালন করতে পারে ।

৭. শিশু ও যুব সুরক্ষা নীতিমালা সর্ম্পকে আমাদেরকে স্বচ্ছতার বিষয়গুলো গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে, যাতে সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলো খোলামেলা আলোচনা ও পর্যালোচনা হয় এবং এর উন্নয়ন ঘটে

৮. সুরক্ষা সংক্রান্ত উদ্বেগের বিষয়ে যথাসময়ে যথোপযুক্ত পদক্ষেপ গ্রহন করার বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনায় রাখতে হবে ।

৯. আমাদেরকে শিশু ও যুব সুরক্ষার বিষয়ে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করতে হবে যাতে আমরা সকলে মিলে শিশু ও যুব সুরক্ষার বিষয়টি ব্যাপকভাবে কার্যকরী করতে পারি ।

১০. সুরক্ষা সংক্রান্ত প্রয়োজন ও ঝুঁকি সমুহ যথাযথ ভাবে নিরূপন করে এগুলো সমাধানের জন্য পদক্ষেপ গ্রহন করতে হবে ।

১১. শিশু ও যুব সুরক্ষার বিষয়গুলো পরিবার,সমাজ ও প্রতিষ্ঠানে কার্যকরী করা এবং মুলস্রোতের সাথে সমন্বয় ঘটানোর উদ্যোগ গ্রহন করতে হবে ।

**গ. শাস্তির বিধান :**

কোন ঘটনা ঘটলে বা ঘটার অবস্থা পরিলক্ষিত হলে যথাযথভাবে নিরপেক্ষ তদন্ত প্রক্রিয়া পরিচালনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা এবং ঘটনার তীব্রতা বা ভয়াবহতার আলোকে আইনী পদক্ষেপ নেবার জন্য ক্ষতিগ্রস্থ্যকে সহায়তা প্রদান করা ।

**ঘ. সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা নীতিমালার আওতাধীন বিভিন্ন প্রত্যয় বা ধারণার সংজ্ঞা ঃ**

১. **সেফগার্ডিং:** এমন সব ব্যবস্থা, নীতি এবং কর্মকাণ্ডের সমষ্টি যার মাধ্যমে শিশু, যুব, নারী, প্রতিবন্ধী, প্রবীণ, প্রান্তিক ও ঝুঁকিপূর্ণ মানুষদের যেকোনো ধরনের শারীরিক, মানসিক, যৌন, আর্থিক বা সামাজিক ক্ষতি, শোষণ, অবহেলা বা নির্যাতন থেকে নিরাপদ রাখা হয়। সেফগার্ডিং হলো–"যাতে কেউ ক্ষতিগ্রস্ত না হয়, অপব্যবহারের শিকার না হয় এবং সবাই নিরাপদ ও সম্মানজনক পরিবেশে জীবন যাপন করতে পারে"– সে ব্যবস্থা নিশ্চিত করা।

২. **শিশু** : ১৮ বছরের নিচে যেকোন মানব সন্তানকেই শিশু বলে সংজ্ঞায়িত করা হয়।

৩. **যুব**: ১৫ থেকে ২৪ বছর পর্যন্ত সকল মানব সন্তানই যুব হিসেবে বিবেচিত হবে ।

৪. **শিশু নির্যাতন** : শিশু নির্যাতন বলতে যেকোন প্রকারের শারীরিক নির্যাতন, মানসিকভাবে অত্যাচার করা, যৌন নিপীড়ন, শোষণ, অবহেলা বা তুচ্ছ-তাচ্ছিল্য করা, বাণিজ্যিক বা অন্য কোন উপায়ে শিশুদেরকে শোষণ করা এবং শিশুর জন্য ক্ষতিকর হতে পারে এমন যেকোন কাজকেই শিশু নির্যাতন বলে বিবেচনা করা হবে। শিশু নির্যাতন উদ্দেশ্যমূলক ভাবে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা প্রক্রিয়ার মাধ্যমে যদি এমন কোন কাজ (উদ্দেশ্যমূলকভাবে কিংবা অনিচ্ছাকৃতযেভাবেই হোক) করা হয় যাতে কোন শিশুর ক্ষতি হয় কিংবা ঐ শিশুর নিরাপত্তা ও সুষ্ঠ উন্নয়নকে ব্যাহতকরে তবে ঐ কাজগুলো শিশু নির্যাতনের সংজ্ঞার আওতায় পড়বে।

৫. **শিশু ও যুব সুরক্ষা** : এই নীতিমালার আওতায় শিশু ও যুব সুরক্ষাবলতে এনডিপি'র নীতিমালায়বর্ণিত দায়িত্ব-কর্তব্য, গৃহীত উদ্দ্যোগ ও কর্মকান্ডকেই বোঝানো হয়েছে যা শিশু ও যুবকে উদ্দেশ্যমূলক কিংবা অনিচ্ছামূলক যেকোন প্রকারের ক্ষতি থেকে সুরক্ষার জন্য রক্ষাকবচ হিসাবে কাজ করবে।

৬. **যৌন হয়রানি**: যে কোন ধরনের অনাকাঙ্খিত প্রত্যক্ষ বা পরোক্ষ, শারীরিক, সাইবার (তথ্য প্রযুক্তির মাধ্যমে), মৌখিক বা অ-মৌখিক যৌন প্রবৃত্তিমূলক আচণই হলো যৌন হয়রানি। এমন বিভিন্ন ধরনের অনুচিত এবং অবাঞ্চিত যৌন আচরণ যার কারণে কোন ব্যক্তি অপমানিত ও লজ্জিতবোধ করে।

৭. **যৌন নিপীড়ণ/ বুলিং**: কোন ব্যক্তিকে অপমানিত বা লজ্জিতবোধ করানোর উদ্দেশ্যে অভদ্র, অপমানকর বা হুমকিমূলক আচরণ করা বা ক্ষমতার অপব্যবহার করা।

নিবার্হী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

৮. **যৌন শোষণ:** একধরনের যৌন নির্যাতন যেখানে অপরাধী যৌন উদ্দেশ্য এবং ব্যক্তিগত সুবিধা লাভের জন্য ক্ষমতা বা বিশ্বাসের অপব্যবহার করে।

৯. **যৌন নির্যাতন:** অপরাধী বল প্রয়োগ, হুমকি প্রদান বা সম্মতি দিতে অক্ষম কোন ব্যক্তির অবস্থার সুযোগ নিয়ে অবাঞ্চিত যৌন কর্মকান্ড সংঘটিত করে।

১০. **হয়রানি:** কোন ব্যক্তিকে তার পরিচয়ের কারণে অথবা বয়স, জেন্ডার, জাতি বা জাতিগোষ্ঠী, প্রতিবন্ধীত্ব, ধর্ম, যৌন পরিচয় ইত্যাদি কারণে নিপীড়ণ বা বুলিং করা।

১১. **বৈষম্য:** কোন ব্যক্তিকে তার পরিচয়ের কারণে অথবা বয়স, জেন্ডার, জাতি বা জাতিগোষ্ঠী, প্রতিবন্ধীত্ব, ধর্ম, যৌন পরিচয় ইত্যাদি কারণে অন্যায্য আচরণ করা।

**ঙ. সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা নীতিমালার ক্ষেত্র বা পরিধি :**

কোন প্রকারের সীমাবদ্ধতা ছাড়াই এনডিপি'র জন্য কিংবা এনডিপি'র পক্ষ হয়ে কাজ করছেন এমন যেকোন ব্যক্তির ক্ষেত্রেই শিশু ও যুবসুরক্ষা নীতিমালা প্রযোজ্য।
১.সকল পর্যায়ের কর্মী: এনডিপি'র মাঠ পর্যায় এবং সদর দপ্তরের কর্মরত সকল কর্মীগণ।

২.এনডিপি'র সাথে যারা সহযোগী হিসাবে কাজ করছেন: এনডিপি এর সহযোগীদের মধ্যে সংস্থার পরিচালনা পর্ষদের সদস্যবর্গ, দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, পরামর্শক। এছাড়াও পার্টনার, সাব-কন্ট্রাকক্টর, সরবরাহকারী, ঠিকাদারগণ সবাই এই পলিসি বাস্তবায়ন করতে ও মেনে চলতে বাধ্য থাকবে। এনডিপি'র সাথে যখন তারা চুক্তিবদ্ধ হবেন তখন সেফগার্ডিং,শিশু ও যুব সুরক্ষা বিষয়ে নির্ধারিত ফরমে অঙ্গীকারনামায় স্বাক্ষর করবেন ( সংযুক্তি ০৩)।

৪. এনডিপি'র পরিদর্শকগণ: পরিদর্শক (যেমন দাতাগোষ্ঠীর সদস্য, সাংবাদিক, গণমাধ্যম প্রতিনিধি, গবেষক, বিশিষ্ট ব্যক্তিবর্গ) যারা এনডিপি'র মাধ্যমে শিশু ও যুবদেরসাথে কিংবা শিশু ও যুবদের সংস্পর্শে কাজ করে তারাও এই শিশু ও যুব সুরক্ষা নীতিমালা বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট থাকবেন।

**চ. সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা নীতিমালার আওতায় দায়িত্ব-কর্তব্যের বন্টন: আচরনবিধি (Code of Conduct) অনুযায়ী যা করবো:**

- আমি সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষানীতি মেনে চলবো এবং বিভিন্ন কার্যক্রম, প্রকল্প প্রক্রিয়ায় শিশু, যুব বা উপকারভোগী তাদের পরিবার ও কমিউনিটির সাথে যোগাযোগের ক্ষেত্রে সততার সাথে এবং খোলামেলাভাবে কাজ করবো।
- জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ পরিচয় ও জাতিসত্তা বিভিন্ন ক্ষেত্রে শিশু ও যুবদের সর্বত্তোম স্বার্থ বিবেচনা করবো এবং তাদের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল থাকবো।
- এমন একটি পরিবেশ তৈরী ও সংরক্ষণ করবো যেখানে শিশু ও যুবরা সকল প্রকার সহিংসতা থেকে মুক্ত থাকবে এবং কাজ করতে গিয়ে সম্ভাব্য ঝুঁকিসমূহ প্রতিরোধের জন্য যথাযথ পদক্ষেপ নেব।
- শিশু যুব ও নারীদের/উপকারভোগীদের সম্পৃক্ত করার পরিবেশ তৈরীতে যে বিষয়গুলো খেয়াল রাখবো তা হলো বয়স অনুযায়ী শিশু ও যুবদের বিভিন্ন ঝুঁকি প্রতিরোধের ক্ষেত্রে সিদ্ধান্ত নেয়ার সময় তাদের সাথে আলোচনা করবো ও তাদের মতামতের প্রতি শ্রদ্ধাশীল থাকাবো যাতে করে শিশু ও যুবরা উপযুক্ত সম্মান পায় এবং তাদের নিজেদের সমস্যা ও অধিকার নিয়ে আলাপ-আলোচনা করতে উদ্যোগী হয় ।
- শিশু ও যুব সুরক্ষা নীতি ও তাদের অধিকার সর্ম্পকে সচেতন থাকবো এবং কেউ এবিষয়ে উদ্বেগ প্রকাশ করলে তাকে সচেতন করবো।
- শিশু ও যুবদের সাথে সবসময় পেশাগত আচরন করবো ও ইতিবাচক রোল মডেল হিসেবে নিজেকে উপস্থাপন করবো। ১৮ বছরের নীচের শিশু ও যুবদের গৃহশ্রম ও অন্যন্য শ্রম যা তাদের শিক্ষা ও বিনোদনকে ব্যহত করে ও তার জন্য ঝুকিপূর্ণ ও অযোগ্য সেগুলো থেকে বিরত থাকবো এবং এক্ষেত্রে বিভিন্ন আর্ন্তজাতিক সনদ ও আইন মেনে চলবো।
- যে সকল শিশু ও যুব এনডিপি'র এর সাথে বিভিন্ন কার্যক্রমে জড়িত তাদের সকল বিষয়ে গোপনীয়তা রক্ষা করবো যার মধ্যে রয়েছে :

\- কখনো ব্যক্তিগত তথ্য (ফোন নম্বর, ইমেইল, সোশ্যাল মিডিয়া, ঠিকানা) নেব না বা কাউকে জানাবো না শুধুমাত্র এনডিপি'র কার্যক্রমের প্রয়োজনীয়তা ছাড়া।

নিবার্হী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

- সেফগার্ডিং পলিসি অমান্য করে শিশুদের মতামত ছাড়া কোন তথ্য মিডিয়াতে দেব না (যেমন-পত্রিকা পত্রিকায় ছাপানো, কোন সামাজিক মিডিয়াতে ছবি শেয়ার করা)।

- সংশ্লিষ্ট সুপারভাইজারকে না জানিয়ে কোন শিশু বা যুব এর সাথে বা তার পরিবারের সাথে যোগাযোগ করবো না- যেমন চিঠি, ই-মেইল ও বাড়িতে যাওয়া ।

- শিশু ও যুব নির্যাতন হলে কিংবা শিশু ও যুব সুরক্ষা বিষয়ে কোন প্রকারের সংশয় বা উদ্বেগ প্রকাশ পেলে সংশ্লিষ্ট স্থানীয় অফিসে বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন আকারে জানাবো। কারো বিরুদ্ধে অভিযোগ করা হলে তদন্ত কাজে সার্বিক সহযোগিতা করবো এবং এক্ষেত্রে গোপনীয়তা বজায় রাখব।
- আমি পেশাগত কারণে যখন পরিদর্শনে যাবো এবং ছবি তুলবো তখন নিচের বিষয়গুলো বিবেচনায় রাখবো:

- প্রথমেই স্থানীয় অফিসের সাথে আলোচনা করে নেব যে ডকুমেন্টশনের জন্য ছবি তোলা প্রয়োজন এবং এই ছবি সুরক্ষা নীতির সাথে কোন দ্বন্দ্ব তৈরী করবো না ।

- নিশ্চিত হব যে, ছবি কোন নেতিবাচক ও অসম্মানজনক মনোভাব তৈরী করবে না ও গোপনীয়তা বজায় রাখবো।

- নিশ্চিত হব যে ছবিটি প্রর্দশনের ফলে শিশু ও যুবরা কোন ধরনের ঝুঁকিতে পড়বে না ।

- শিশু ও যুব এর ছবি বহিঃবিশ্বের সামাজিক মাধ্যমে/মিডিয়াতে ছেড়ে দেব না ।

- কোন শিশু ও যুব এর ছবি নেবার (ফটো কিংবা ভিডিও) আগে সব সময়ই শিশুর (অল্প বয়সী শিশু হলে তার বাবা-মা বা আইনত অভিভাবক) অভিভাবকের কাছ থেকে অনুমতি নিব। কোন শিশুর ছবি নিলে ছবিটা যেন সম্মানজনক হয় সেই বিষয়টি অবশ্যই নিশ্চিত করবো। শিশুদের নিয়ে কোন গল্প বা ছবি প্রকাশ করার ক্ষেত্রে তাদের স্বার্থগুলোকে সবার আগে বিবেচনায় রাখবো ও গোপনীয়তা বজায় রাখবো।

- কোন অপ্রত্যাশিত ঘটনা ঘটলে বা ঘটার সম্ভাবনা থাকলে স্থানীয় অফিসের সাথে যোগাযাগ ও যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সাড়া দিব ও প্রতিবেদন তৈরী করবো।
- কোন অপ্রত্যাশিত ঘটনা ঘটলে বা ঘটার সম্ভাবনা থাকলে যথাযথ অনুসন্ধান প্রক্রিয়া অনুসরন করবো এবং সেক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করবো ও পরিপূর্ণ সহায়তা করবো।
- যে কোন অপরাধ ও এর ফলাফল এবিষয় সংক্রান্ত পরিবর্তন যা পূর্বে ও তার পরবর্তীতে ঘটেছে তার সকল তথ্য তাৎক্ষনিক ভাবে এনডিপি'র ম্যানেজমেন্টকে জানাবো।

**সেফগার্ডিং, শিশু, যুব ও নারী সুরক্ষার ক্ষেত্রে আমি যা করবো না:**

- শিশু ও যুবদের সাথে ঝুঁকিপূর্ণ ও শোষণমূলক কোন আচরণ অথবা তাদেরকে নির্যাতনের ঝুঁকিতে ফেলে এমন কোন ধরণের আচরণ করব না। যার মধ্যে রয়েছে ক্ষতিকর সামাজিক রীতিনীতি ও বাল্য বিয়ে।
- দেশের আইনে যাই থাকুক না কেন ১৮ বছর বয়সের কম কোন শিশুদের সাথে দৈহিক/যৌন সর্ম্পক স্থাপন করা যাবে না। এধরণের ঘটনায় আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ থাকবে না।
- আমাদের কর্মসূচীর সাথে সরাসরি সম্পৃক্ত ১৫ থেকে ২৪ বছর বয়সী যুবদের সাথে কোন প্রকার দৈহিক/যৌন সর্ম্পক স্থাপন করা যাবে না।
- শিশু ও যুবদেরকে মারধর, শাস্তি প্রদান, বল প্রয়োগসহ কোন প্রকার শারীরিক নির্যাতন করা যাবে না।
- কোন ধরণের টাকা-পয়সা, চাকুরী, সেবা ও উপহারের প্রলোভন দেখিয়ে শিশু ও যুবদের সাথে কোন প্রকার যৌন সম্পর্ক স্থাপন করা এবং কাউকে যৌনকাজে উদ্দীপ্ত করা যাবে না।

| | |
|---|---|
| নিবার্হী পরিচালক | সভাপতি |
| ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি |

- শিশু ও যুবদের সাথে এমন ধরণের অযৌক্তিক, আক্রমণাত্মক ভাষা ব্যবহার, পরামর্শ বা উপদেশ প্রদান করা যা নির্যাতনমূলক, যৌন উদ্দীপক, হেয়কর বা সাংস্কৃতিকভাবে অগ্রহণযোগ্য।
- অস্বাভাবিক বা সমাজের রীতি-নীতির সাথে খাপ খায়না এ রকম ভাবে শিশু ও যুবদের কোলে বসানো, চুমু দেয়া বা বুকে জড়িয়ে ধরা যাবে না।
- আমাদের কাজের সাথে সংশ্লিষ্ট শিশু ও যুবদের সাথে একই ঘরে বা বিছানায় ঘুমানো যাবে না কিন্তু মাতা-পিতা বিচ্ছিন্ন শিশু ও যুবদের কাছাকাছি থাকার প্রয়োজন হলে নিশ্চিত করতে হবে যে একজন প্রাপ্তবয়স্ক সাথে আছেন এবং তা যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে করা হয়েছে।
- আমাদের কাজের সাথে সংশ্লিষ্ট শিশু ও যুবদের অত্যন্ত ব্যক্তিগত বিষয়ে বিশেষ করে বাথরুমে নিয়ে যাওয়া, পোষাক খুলে দেয়া ইত্যাদি কাজ যা তারা নিজেরাই করতে পারে সেগুলো করা যাবে না।
- আমাদের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কোন শিশু ও যুবকে দূরে সরিয়ে নিয়ে একাকী দীর্ঘক্ষন সময় কাটানো যাবে না।
- শিশু ও যুবদের মারধর বা শারীরিকভাবে নির্যাতন করা যাবে না।
- শিশু ও যুবরা লজ্জা পায়, অপমানিত ও হেয় প্রতিপন্ন হয় এমন কোন কাজ বা আচরণ করা যাবে না কিংবা শিশুদেরকে মানসিকভাবে নির্যাতন করা যাবে না।
- শিশু ও যুবদের প্রতি পক্ষপাতিত্ব করা, বৈষম্যমূলক আচরণের মাধ্যমে কাউকে কোন ধরণের বিশেষ সুযোগ-সুবিধা প্রদান করা যাবে না।
- শিশু ও যুবদের সাথে যথাযথ ব্যবহার না করা বা তাদের কাছে শোষণমূলক বলে মনে হয় এমন কোন আচরণ করা যাবে না।
- কম্পিউটার, মোবাইল, ভিডিও, ডিজিটাল ক্যামেরা সহ অন্যান্য ইলেক্ট্রনিকস ডিভাইস ব্যবহার করে শিশু ও যুবদের কোন ধরণের নির্যাতন করা যাবে না। এসমস্ত ডিভাইসের মাধ্যমে কোন ধরণের পর্ণগ্রাফি দেখা, ডাউনলোড করা, বিতরণ করা যাবে না বিশেষত শিশু ও যুবদের নির্যাতনমূলক কোন চিত্র।

**ছ. সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা পলিসি চর্চা করার ক্ষেত্রে নির্দেশনা সমুহ :**

**১. প্রতিরোধ (Prevention) ঃ**

শিশু ও যুবদের সুরক্ষা সংক্রান্ত কোন ঘটনা ঘটার আগে এর ঝুঁকি নিরূপণ/ বিশ্লেষণ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিসে সুরক্ষা সংক্রান্ত তথ্য, ফোন নম্বর, হট লাইন নম্বর সহ বিভিন্ন অফিসের সুরক্ষার দায়িত্ব প্রাপ্ত কর্মীর নাম সকলের নিকট দৃশ্যমান বা দৃষ্টিগোচর হয় সেই রকম স্থানে ঝুলিয়ে রাখতে হবে ।

**২. আচরণ বিধি(Code of Conduct)ঃ**

সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা পলিসি/নীতিমালার আচরণ বিধি সংস্থার কর্মী ও সহযোগিদের অবশ্যই মেনে চলতে হবে।

**৩. লৈঙ্গিক সমতা ও বৈষম্যহীনতা (Gender Equality and Non Discrimination) ঃ** সংস্থাকে নিশ্চিত করতে হবে যে লৈঙ্গিক অসমতা ও বৈষম্য যেন কোন ভাবেই ঘটতে না পারে ।

**৪. যাচাইকরণ প্রক্রিয়া (Reference Check)ঃ**

সংস্থা যখন কর্মী নিয়োগ করবে তখন অবশ্যই যাচাই করতে হবে যে সে কোন ধরনের শিশু ও যুব নির্যাতনকারী বা এর সাথে জড়িত ছিল কিনা। এধরনের তথ্য পেলে তাকে নিয়োগ পত্র না দেওয়া ।

**৫. সামর্থ্য বৃদ্ধি (Capacity Building) ঃ**

সংস্থার দায়িত্ব হবে সকল ধরনের কর্মীদের সামর্থ্য বৃদ্ধি করা যাতে তারা শিশু ও যুব সুরক্ষা, প্রতিরোধ, সমস্যা চিহ্নিত করা, রিপোর্ট প্রদান করা এবং রিপোর্টের আলোকে প্রয়োজনীয় সাড়া প্রদান সম্পর্কে সুস্পষ্ট ধারনা লাভ করতে পারে ।

**৬. শিশু ও যুবদের অংশগ্রহন (Participation) ঃ**

শিশু ও যুবদের সুরক্ষার বিষয়ে তাদের সামর্থ্য অনুযায়ী অর্থপূর্ণ অংশগ্রহনের সুযোগ দেওয়া এবং তাদেরকে শুধুই উপকারভোগী হিসেবে না দেখে সক্রিয় সামাজিক কর্মী হিসেবে গড়ে তুলতে হবে ।

নিবার্হী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

**৭. সুরক্ষা সংক্রান্ত রিপোর্ট (Reporting) ঃ**

সুরক্ষা সংক্রান্ত যে কোন ঘটনার রিপোর্ট করার ক্ষেত্রে শিশু, যুব ও কর্মীদের জন্য সহায়ক পরিবেশ তৈরী করতে হবে এবং গোপনীয়তার বিষয়টি অত্যন্ত গুরুত্ব ও দক্ষতার সাথে বিবেচনায় রাখতে হবে

**৮. সাড়া প্রদান ও ফলোআপ (Response and Follow-up) ঃ**

সুরক্ষা সংক্রান্ত উদ্যোগের বিষয়গুলো শিশু ও যুবদের সর্বোত্তম স্বার্থের আলোকে দেখতে হবে এবং যথোপযুক্ত ভাবে সাড়া প্রদান করতে হবে।তাছাড়া বিষয়গুলোকে সংস্থার শিখন প্রক্রিয়ায় অন্তর্ভূক্ত করতে হবে এবং অবশ্যই ব্যক্তিগত গোপনীয়তা ও আইনের সাথে সামঞ্জস্য রেখে কার্যকরী করতে হবে।

**৯. শাস্তি কার্যকর(Punishment) ঃ** সুরক্ষা সংক্রান্ত কোন তদন্ত চলাকালীন সময়ে অত্যন্ত দক্ষতার সাথে প্রক্রিয়া অনুসরন করতে হবে এবং অবস্থার প্রেক্ষিতে সেই কর্মীকে তাৎক্ষণিক ভাবে সাময়িক বরখাস্ত করা যেতে পারে এবং তদন্ত প্রক্রিয়া শেষে সংস্থার শৃংখলাবোধের নিয়ম অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা।

**১০. শিশু ও যুবদের সম্মতি গ্রহন (Consent paper) ঃ** শিশু বা যুবদের ছবি তোলা, ভিডিও করা ও সংস্থার জন্য কোন কাজে অংশগ্রহন করানোর বিষয়ে তাদের বা তাদের আইনগত অভিভাবকের নিকট থেকে লিখিত ফরমে সম্মতি নিতে হবে ।

**১১. ঝুঁকি নিরূপণের কৌশলঃ** (Risk Assessmnet & Metigation Strategy)সহযোগী সংস্থা ও অন্যান্যদের সাথে কাজ করার ক্ষেত্রে অবশ্যই যথাযথ প্রক্রিয়া অনুসরন করে ঝুঁকি নিরূপনের কৌশল / উপায় চিহ্নিতকরন ও সেই অনুযায়ী কার্যকরী পদক্ষেপ গ্রহন করতে হবে ।

**জ. সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা নীতিমালা কেন গুরুত্বপূর্ণ ?**

**সেফগার্ডিং নিশ্চিত, শিশু ও যুবদের উন্নয়ন নিয়ে কাজ করছে এরকম উন্নয়ন সংস্থা, তাদের কর্মী এবং যেসব শিশু ও যুবদের নিয়ে কাজ করছে তাদের সকলের সুরক্ষার জন্য শিশু ও যুব সুরক্ষা নীতি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই গুরুত্বের পেছনে নিম্নেবর্ণিত কারণগুলো রয়েছে ঃ**

- শিশু ও যুবদের নিয়ে কাজ করছে এরকম উন্নয়ন সংস্থাগুলো শিশু ও যুবদের সুরক্ষা এবং যত্নের ব্যাপারে একটি নৈতিক ও আইনগত দায়িত্ব রয়েছে।
- শিশু ও যুব সুরক্ষা নীতিমালা ও পদ্ধতিসমূহ একটি "শিশু ও যুববান্ধব" পরিবেশ তৈরীতে সহযোগিতা করে। একটি শিশু ও যুব নিরাপদ পরিবেশের বৈশিষ্ট্য হলো ঃ
  - সংস্থায় একটি সচেতন সংস্কৃতি থাকবে।
  - সংস্থাটি শিশু ও যুবদের জন্য উদ্দেশ্যমূলক কিংবা স্বাভাবিক যেভাবেই হোক কোন প্রকারের ক্ষতি আসার সম্ভবনাকে প্রতিহত করবে।
  - শিশু ও যুবরা নিজেদেরকে নিরাপদ বা ঝুঁকিহীন মনে করবে।
  - শিশু ও যুবরা মন খুলে কথা বলবে।
  - শিশু ও যুবদের কথা শোনা হবে।
  - সংস্থার কর্মসূচীর আওতায় থাকা শিশু ও যুবদের এবং কর্মীদেরকে সম্মান করা হবে এবং তারা বিভিন্ন কাজে ক্ষমতা লাভ করবে।
- বিভিন্ন জটিল পরিস্থিতিতে কাজ করার জন্য একটি নির্ভরযোগ্য নীতিমালা দরকার যা সংস্থাকে অনেকভাবেই সহযোগিতা করবে। যখন কোন কারণে পরিস্থিতি জটিল হবে তখন বিষয়গুলো নিয়ে গভীর মনোযোগ দিয়ে ভাবতে হবে। সংস্থায় যদি নির্ভরযোগ্য নীতিমালা থাকে তবে ঐ নির্দিষ্ট পরিস্থিতি জেনে-বুঝে কাজ করতে পারবেন এবং কোন পক্ষে গিয়ে কাজ করছেন বলে আপনার বিরুদ্ধে কোন রকমের অভিযোগ বা দূর্নাম আসবে না।
- **সঠিক নীতিমালা, নির্দেশনা ও পদ্ধতি কার্যকর না থাকলে সংস্থা উন্নয়নের নামে শিশু ও যুব নির্যাতন বা নিপীড়ন করছেন বলে মিথ্যা অভিযোগ উঠতে পারে যার কারনে সংস্থার সুনাম ধ্বংস হয়ে যেতে পারে। সংস্থার কর্মকান্ড বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করার কাজে সুনাম নষ্ট হলে একটা বড় রকমের নেতিবাচক প্রভাব পড়তে পারে। ফলশ্রুতিতে শিশু ও যুবদের উন্নয়ন নিয়ে বেসরকারী সংস্থাসমূহ যেসব কাজ করছে তার উপর সামগ্রিভাবে একটা প্রভাব পড়বে।**
- এছাড়াও দাতা সংস্থার আর্থিক সাহায্য প্রদানের ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট শর্ত হিসাবে যেকোন উন্নয়ন সংস্থার শিশু ও যুব সুরক্ষা নীতিমালাথাকার উপর বিশেষ গুরুত্ব দিয়ে থাকে।

**ঝ. উপসংহার :** এনডিপি'র সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা নীতিমালাটি যথাযথ ব্যবহারে সবাই অনুপ্রাণিত হবেন এবং ফলশ্রুতিতে শিশু ও যুব সুরক্ষা ও শিশু অধিকার বাস্তবায়ন অধিকতর সহজ হবে। পলিসি/নীতিমালাটি সংশ্লিষ্টগণের পরামর্শক্রমে ভবিষ্যতে আরও সমৃদ্ধ করা হবে।

**জাতীয় হেল্পলাইন নাম্বারঃ শিশু সুরক্ষা- ১০৯৮, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ- ১০৯**

নির্বাহী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

**সংযুক্তি : ১**

**<u>সেফগার্ডিং, শিশু ও যুব নির্যাতনের ঘটনা, উদ্বেগ বা অভিযোগ ক্ষেত্রে সাড়া প্রদান প্রক্রিয়া:</u>**

ক. নির্যাতনের ঘটনা জানার পরপরই তাৎক্ষণিকভাবে যে বা যিনি নির্যাতনের শিকার হয়েছে তার স্বাস্থ্য ও সুরক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি প্রাথমিক তদন্ত করতে হবে।

খ. সেফগার্ডিং, শিশু ও যুব নির্যাতনের ঘটনা ও উদ্বেগের বিষয়গুলি আগে থেকেই জানার জন্য ঝুঁকি নিরূপণ করতে হবে এবং যতদূর সম্ভব সুরক্ষার পরিকল্পনা গ্রহণ করতে হবে। ঝুঁকি নিরূপণের অংশ হিসেবে মেয়ে শিশু, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি, শিশু, যুব ও নারী এবং জেন্ডার বৈচিত্রের কারণে ক্ষতিগ্রস্থ শিশু ও যুবদের সাথে আলোচনা করতে হবে।

গ. যদি দেশের আইন অনুযায়ী অভিযোগটি অপরাধ হিসেবে প্রমাণিত হয় তাহলে এর তদন্ত এনডিপি'র আওতাধীন নয়, এক্ষেত্রে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। অন্যান্য ক্ষেত্রে প্রয়োজনে সংস্থা তার অভ্যন্তরীণ তদন্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

ঘ. সংস্থার কর্মী নির্যাতনের ঘটনা জানা সত্ত্বেও তথ্য প্রদান/রিপোর্ট না করলে, তা সংস্থার শৃংখলা ভঙ্গের সামিল হিসেবে বিবেচিত হবে। এক্ষেত্রে শৃংখলা ভঙ্গের দায়ে এনডিপি'র এইচআর নীতিমালা (মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা) অনুযায়ী উক্ত কর্মীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

**গোপনীয়তা:**

সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা বিষয়ক সমস্ত তথ্য, ক্ষতিগ্রস্থ শিশুর ও যুব এরনাম, ঠিকানা, সাক্ষী এবং যে ব্যক্তি/ব্যক্তিদের বিরুদ্ধে অভিযোগ বা উদ্বেগ উত্থাপিত হয়েছে তার/তাদের বিবরণসহ সকল তথ্য গোপনীয় হিসাবে গণ্য হবে। অর্থাৎ, তথ্য গুলো যত্ন সহকারে, কারো সম্মানে আঘাত না হানে এমনভাবে সর্বোচ্চ গোপনীয়তা নিশ্চিত করে সংরক্ষণ করা হবে এবং শুধু যাদের জানানো প্রয়োজন তাদেরকেই জানাতে হবে। শিশু নির্যাতনের ঘটনা, উদ্বেগ বা অভিযোগ বিষয়ক সকল তথ্য ও প্রতিবেদন এবং তথ্য আদান প্রদান অত্যন্ত গোপনীয়তার সাথে করতে হবে। তথ্যসমূহ তালাবদ্ধ ফাইল ক্যাবিনেটে বা পাসওয়ার্ড সুরক্ষিত ইলেকট্রনিকস প্রক্রিয়ায় সংরক্ষণ করতে হবে।

**রিপোর্টিং ও ডকুমেন্টেশন:**

সেফগার্ডিং, শিশু, যুব ও নারী নির্যাতনের ঘটনা, উদ্বেগ বা অভিযোগসমূহ ফরম অনুযায়ী লিপিবদ্ধ করতে হবে। যদি শিশু ও যুব নির্যাতনের ঘটনা, উদ্বেগ বা অভিযোগসমূহ অত্যন্ত জটিল প্রকৃতির হয় তাহলে অতিরিক্ত তথ্য সংগ্রহ এবং সে অনুযায়ী প্রশাসনিক কার্যক্রম যেমন আইনগত ব্যবস্থা, চিকিৎসা ব্যবস্থা, উর্দ্ধতন কর্তৃপক্ষ বা সরকারী সংস্থা সমূহের সাথে যোগাযোগের বিষয়গুলিও সুষ্ঠুভাবে লিপিবদ্ধ করতে হবে।

**মনিটিরিং:**

সেফগার্ডিং, শিশু ও যুব নির্যাতনের ঘটনা, উদ্বেগ বা অভিযোগ সমূহের ব্যবস্থাপনাকে প্রক্রিয়াধীন ভাবে পরীবিক্ষণ, মূল্যায়ণ এবং নিরীক্ষণ করতে হবে যাতে ভবিষ্যতে শিখনের জন্য প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা পাওয়া যায়। নির্দিষ্ট সময় পরপর উর্দ্ধতন কর্তৃপক্ষ সেফগার্ডিং, শিশু, ও নারী নির্যাতনের ঘটনা, উদ্বেগ বা অভিযোগসমূহের ব্যবস্থাপনাকে পর্যালোচনা করবেন এবং প্রয়োজনে ফিডব্যাক প্রদান করবেন।

নিবার্হী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

**সংযুক্তি-২: প্রাথমিক প্রতিবেদন ছক**

শিশু ও যুব নির্যাতন ঘটনা (সন্দেহ, দুর্ঘটনা, অভিযোগ) প্রাথমিক প্রতিবেদন ছক

(সংস্থার কর্মী, মাঠ কর্মী ও কমিউনিটি অর্গানাইজেশনের সদস্যগণ এই ফরম ব্যবহার করবেন)

নির্যাতিতের নাম-

জন্ম তারিখ- জন্ম নিবন্ধন সনদ - আছে নাই

পেশা/কোন শ্রেণীতে পড়ে-

ঠিকানা---------------------------------------------------------------

NDPসাথে সম্পর্ক------------------ পিতার নাম-------------------- পিতার বয়স---------

মাতার নাম-------------------- মাতার বয়স-----------

পিতা ও মাতার ঠিকানা (একত্রে না থাকলে আলাদাভাবে)- ---------------------------------------------------

অভিযুক্ত নির্যাতনকারীর নাম-

বয়স--------------- পেশা-------------------- NDP র সাথে সম্পর্ক------------

ঠিকানা- ----------------------------------------------------------------------

পিতার নাম-------------------------- বয়স------------------

মাতার নাম-------------------------- বয়স------------------

ঠিকানা- ----------------------------------------------------------------------

নির্যাতিতের সাথে সম্পর্ক----------------------------------------------

অন্য কোন তথ্য----------------------------------------------

শিশু ও যুব নির্যাতন ঘটনা

ঘটনার তারিখ ঃ

ঘটনার বর্ণনা ঃ

প্রতিবেদনকারীর নাম----------------------------------------

পেশা---------------------------- সংস্থা----------------------------------------------

তারিখ--------------------------------

=====================ooo===========================

নির্বাহী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

**সংযুক্তি: ০৩**

**ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)**

সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা নীতিমালা

<u>ঘোষণা ও অঙ্গীকার পত্র</u>

(সংস্থার সাথে কাজ করা বা সেবা প্রদানের জন্য চুক্তিবদ্ধ/নিয়োগ পাওয়ার পূর্বে SEA clause এ উল্লেখিত শর্তসমূহের সাথে সম্মতি পোষণ করতে হবে)

এনডিপি যৌন শোষন ও নির্যাতনের (SEA)বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি মেনে চলে এবং এই চুক্তির আওতায় অংশীদার ব্যক্তি/সংস্থা / সাপ্লাইয়ার/সাব-কন্ট্রাকটর/ভেন্ডরগণের জন্য এই নীতির নিম্নোক্ত বিষয় সমূহ মেনে চলা বাধ্যতামূলক :

১. **স্পষ্ট নিষেধাজ্ঞা ও জিরো টলারেন্স ঘোষনা:**
SEA'র কোন ঘটনাই এনডিপি'র কাছে গ্রহণযোগ্য নয়। অংশীদার সংস্থা/ব্যক্তি এই ধরণের কর্মকান্ডকে কঠোরভাবে নিষিদ্ধ করবে এবং সকল কর্মীকে এ সম্পর্কে অবহিত করবে।

২. SEA'র সংজ্ঞা :
যৌন শোষন ও নির্যাতন বলতে এমন যে কোন আচরণকে বুঝায়, যেখানে ক্ষমতার অপব্যবহার, জোরপূর্বক বা সুবিধা পাওয়া/দেওয়ার বিনিময়ে যৌন সম্পর্ক স্থাপনের প্রচেষ্টা থাকে। যেমন : খাদ্য, চাকুরি বা সুযোগ সুবিধার পরিবর্তে যৌন সেবা চাওয়া বা দেওয়া।

৩. SEA অভিযোগ প্রাপ্তির ক্ষেত্রে অবহিতকরণ:
অংশীদার ব্যক্তি /সংস্থা / সাপ্লাইয়ার/সাব-কন্ট্রাকটর/ ভেন্ডর SEA সংক্রান্ত কোন অভিযোগের তথ্য পেলে তা অবিলম্বে লিখিত ভাবে এনডিপি কর্তৃপক্ষকে জানাতে বাধ্য থাকবেন।

৪. প্রতিরোধ ও প্রতিকার:
SEA প্রতিরোধে অংশীদার ব্যক্তি /সংস্থা / সাপ্লাইয়ার/সাব-কন্ট্রাকটর/ ভেন্ডরগণ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন । যেমন: নীতিমালা প্রণয়ন, প্রশিক্ষণ, মনিটরিং ইত্যাদি। যদি SEA'র ঘটনার প্রমান পাওয়া যায়, তবে তাৎক্ষনিক তদন্ত ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

৫. শিশু ও যুবদের সম্মতি গ্রহণ ও অবগত করণ (consent and contract paper): যে কোন কাজে ছবি ও ভিডিও ধারণের প্রয়োজন হলে এ সম্পর্কে পূর্বেই শিশু ও যুব/অভিভাবককে অবগত করতে হবে এবং তাদের সম্মতি নিতে হবে।

এই নীতিমালার লঙ্ঘন প্রমাণিত হলে এনডিপি এই চুক্তি বাতিলসহ উপযুক্ত প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

আমি, নিম্ন স্বাক্ষরকারী, এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, আমি ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র সেফগার্ডিং, শিশু ও যুব সুরক্ষা নীতিমালা-এর একটি কপি বুঝে পেয়েছি, পড়েছি এবং এর মর্মার্থ অনুধাবন করেছি। আমি আরও ঘোষণা করছি যে, এই নীতিমালা ও এর আওতাভূক্ত আচরণবিধি, সংযুক্ত প্রবিধান সমূহ এবং অন্য কোন সুনির্দিষ্ট দায়িত্ব যা আমার বর্তমান কাজের সাথে সম্পর্কযুক্ত বা যা কিছু এই নীতিমালার আওতায় সে সকল বিষয়গুলোও আমি মেনে চলতে বাধ্য থাকবো।

স্বাক্ষর (তারিখ)

প্রতিষ্ঠানের নাম: --------------------------------------------------------------------------------------------
পদবী: --------------------------------------------------------------------------------------------
বর্তমান ঠিকানা:
গ্রাম: ------------------------- উপজেলা: ------------------- জেলা: --------------------------
স্থায়ী ঠিকানা:
গ্রাম:------------------------- উপজেলা: ------------------- জেলা:---------------------------

নিবার্হী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সংযুক্তিঃ ৪

## শিশু ও যুব সুরক্ষা রিপোর্টিং ফ্লো-চার্ট

শিশু ও যুব সুরক্ষা হানিকর কোন ঘটনা / অভিযোগ

স্থানীয় শিশু ও যুব সুরক্ষা ফোকালপয়েন্ট

শিশু ও যুব সুরক্ষা সমন্বয়কারীকে অবগত করা/ প্রতিবেদন প্রদান

সংশ্লিষ্ট বিভাগের প্রধান/ নির্বাহী পরিচালককে অবগত করা

২৪ ঘন্টার মধ্যে হতে হবে

---

যৌথ রেসপন্স তদন্ত কমিটি গঠন (শিশু ও যুব সুরক্ষা সমন্বয়কারী এবং নির্বাহী পরিচালক মনোনীত ২ জন কর্মকর্তার সমন্বয়ে)

সরেজমিনে তদন্ত

প্রতিবেদন

সংস্থার নিজস্ব ধারায় সিদ্ধান্ত গ্রহণ এবং ডকুমেন্ট সংরক্ষন

অভিযুক্ত যদি কমিউনিটির সদস্য হয় তাহলে নেটওর্য়াক সংস্থার বা আইনী সংস্থার সহায়তায় কার্যকর পদক্ষেপ গ্রহণ

আ্যাকশন গ্রহণ(যদি সংস্থার কোন কর্মীর বিরুদ্ধে অভিযোগ হয়)

যদি অভিযোগ প্রমানিত না হয় তবে কেইস ক্লোজ

অভিযোগ প্রদানকারীকে সংস্থার সিদ্ধান্ত জানানো

অবশ্যই ঘটনার রিপোর্ট হওয়ার পর হতে পরবর্তী ৮ কর্ম দিবসের মধ্যে সম্পন্ন হতে হবে

নিবার্হী পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)